গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মাগুরা মেডিকেল কলেজ,মাগুরা।
maguramc.college.gov.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১৫৯.৩১.০০১.২৫. তাং- ০৬/০৩/২০২৫ খ্রিঃ।

## "২০২৪-২৫ খ্রিঃ এমবিবিএস কোর্সে ১ম দফায় মাইগ্রেশন এবং অপেক্ষামান তালিকা থেকে ভর্তির বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১০৮১ তারিখ ঃ- ০৫/০৩/২০২৫ খ্রিঃ মোতাবেক মাগুরা মেডিকেল কলেজ, মাগুরায় ২০২৪-২০২৫ খ্রিঃ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এম.বি.বি.এস. কোর্সে ১ম দফায় মাইগ্রেশন এবং অপেক্ষামান তালিকা থেকে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **০৬/০৩/২০২৫ খ্রিঃ তারিখ হতে ১২/০৩/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটির দিন ব্যতীত) ভর্তি এবং ২য় মাইগ্রেশনের আবেদন অনলাইনের (http://mig.teletalk.com.bd) মাধ্যমে কার্যক্রম সম্পন্ন হইবে।** নির্বাচিত ছাত্র-ছাত্রীগণ সকাল ৮.০০-৯.০০ ঘটিকার মধ্যে ছাত্র শাখা থেকে ভর্তি ফরম সংগ্রহ করে সঠিকভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ যাচাই-বাছাই কমিটির নিকট জমা দিতে হবে এবং একই দিনে কাগজপত্র যাচাই-বাছাই ও স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

**ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্রের মূল কপি জমা দিতে হবে ঃ-**

| | |
|---|---|
| ১. | ২০২৪-২০২৫ খ্রিঃ শিক্ষাবর্ষ এমবিবিএস পরীক্ষার মূল প্রবেশ পত্র |
| ২. | এইচএসসি পরীক্ষার মূল রেজিষ্ট্রেশন কার্ড |
| ৩. | এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বর পত্র |
| ৪. | এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র ও প্রশংসা পত্র |
| ৫. | ০৪ (চার) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি |
| ৬. | স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্বের মূল নাগরিক সনদপত্র। |
| ৭. | পার্বত্যে জেলায় উপ-জাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদপত্র ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। |
| ৮. | মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ঃ- ১৮/১০/২০২০ খ্রিঃ এ জারিকৃত বিধি বিধান অনুসরণ করা হবে। (মুক্তিযোদ্ধার নাতি/নাতনির ক্ষেত্রে সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত ওয়ারিশ কাম সনদ পত্র দাখিল করিতে হবে)। |
| ৯. | টাকা জমার মূল ভাউচার সকল কাগজ পত্রের সহিত দাখিল করিতে হইবে |

উল্লেখ্য যে, নির্ধারিত কমিটি কর্তৃক ভর্তি সংক্রান্ত কাগজপত্র যাচাই-বাছাই করার পর স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে বিবেচিত হলে ভর্তি ফি বাবদ নগদ ১৩,০০০/- (তের হাজার) টাকা **" অধ্যক্ষ, মাগুরা মেডিকেল কলেজ"** বরাবর চলতি হিসাব নম্বরে (হিসাব নম্বর অফিস হইতে সংগ্রহ করতে হবে), **অগ্রণী ব্যাংক পিএলসি, মাগুরা শাখা, মাগুরায়** জমা প্রদান সাপেক্ষে ভর্তি করা হবে।

**ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য জানতে (সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত) নিম্নোক্ত নাম্বারে কল করুন ঃ**

**মোবাইল নং- ১। ০১৭১২-৪৩৪১৫৯**
**২। ০১৯৬৬০৩৩২৯৪**
**৩। ০২৪৭৭৭১১১৪৪ (অফিস)**

স্বাঃ/-
(অধ্যাপক ডাঃ মোঃ কামরুল হাসান)
অধ্যক্ষ
মাগুরা মেডিকেল কলেজ,মাগুরা।

স্মারক নং-৫৯.১৪.০০০০.১৫৯.৩১.০০১.২৫. ২৪৬/০১(৪০) তাং- ০৬/০৩/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইলঃ-

১। অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। ডাঃ.................................................................................................. মাগুরা মেডিকেল কলেজ, মাগুরা।
৪। অফিস নথি।
৫। নোটিশ বোর্ড, অত্র কলেজ।

Hasan 6.3.25
অধ্যক্ষ
মাগুরা মেডিকেল কলেজ, মাগুরা।
maguramc@ac.dghs.gov.bd
টেলিফোন-০২৪৭৭৭১১১৪৪